জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

স্মারকনং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০২০-২০২১/২৭৮                                   তারিখঃ ০৯/০৯/২০২০

## সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার নারী উন্নয়ন বিষয়ক কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ১৪/০৯/২০২০ তারিখ রোজঃ সোমবার সময় বেলা ১২.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে নারী উন্নয়ন বিষয়ক কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্য বিবরণী পঠন ও দৃঢ় করণ প্রসঙ্গে।
২। পৌরসভা অফিসে আগত নারীদের অগ্রাধিকার ভিত্তিতে সেবা প্রদান প্রসঙ্গে।
৩। সকল কাজে নারীদের অংশগ্রহণ নিশ্চিত করণ প্রসঙ্গে।
৪। বিবিধ।

( শাম্মীম আজিজ )
সভাপতি
নারী উন্নয়ন বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত-২)
জয়পুরহাট পৌরসভা।

প্রাপক ঃ

........................................................

........................................................

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।
## নারী উন্নয়ন বিষয়ক কমিটির সভার কার্য বিবরণীঃ

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাবা শাম্মীম আজিজ, কাউন্সিলর (সংরক্ষিত-২), জয়পুরহাট পৌরসভা। |
| সভার স্থান | ঃ পৌরসভা মিলনায়তন |
| সভার তারিখ | ঃ ১৪/০৯/২০২০ |
| সময় | ঃ বেলা ১১.০০ ঘটিকা |
| রোজ | ঃ সোমবার। |

*উপস্থিত সভ্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ*

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জঃ পৌঃ সঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | মিসেস রোজী বেগম | কাউন্সিলর (সংরক্ষিত-১), জঃ পৌঃ সঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | মোছাঃ ফেন্সী আরা | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃ পৌঃ সঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ আবুল মুনছুর মুন্টু | কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-৩, জঃ পৌঃ সঃ | সদস্য | স্বাক্ষরিত |

মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালন করেন।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে শুভেচ্ছা ও সালাম জানিয়ে সভার কাজ শুরু করেন।

**১নং আলোচ্য সূচী ঃ গত সভার রেজুলেশন পঠন ও অনুমোদন প্রসঙ্গে।**

সভায় জনাব মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা সভাপতির অনুমতিক্রমে গত সভার কার্যবিবরণী উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে পাঠ করে শুনান এবং কোনরুপ সংশোধনী ছাড়াই ব্যাপক আলোচনান্তে সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত হয়।

সভায় সভাপতি সাহেব উপস্থিত সদস্যগণকে আজকের সভার আলোচ্য বিষয় অগ্রাধিকার ভিত্তিতে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য আহবান জানান।

**২নং আলোচ্য সূচী ঃ পৌরসভা অফিসে আগত নারীদের অগ্রাধিকার ভিত্তিতে সেবা প্রদান প্রসঙ্গে।**

আলোচনা ঃ আলোচ্য বিষয়ের উপর সভার সম্মানিত সভাপতি মহোদয় বলেন, অত্র পৌরসভা অফিসে বিভিন্ন ধরণের সেবা গ্রহণের জন্য পুরুষের পাশাপাশি অনেক নারীরা এসে থাকেন। এই সব নারীগণ যেন অগ্রাধিকার ভিত্তিতে সেবা পায় সেই বিষয়টিতে আমাদের সকলের অধিকতর দৃষ্টি রাখতে হবে। এ প্রসঙ্গে কমিটির অন্যতম সদস্য জনাব মোঃ আবুল মুনছুর মুন্টু কাউন্সিলর (সাধারণ) ওয়ার্ড নং- ৩, জয়পুরহাট পৌরসভা বলেন, আগত নারীদের মধ্যে যারা শিক্ষিত সচেতন তারা কিভাবে তাদের সেবা পাবেন তা সহজেই বুঝে নিতে পারেন। কিন্তু অশিক্ষিত দরিদ্র অসচেতন নারীরা পৌরসভার নিয়ম-কানুন ঠিকমত বুঝতে না পারার কারণে যাতে তারা সেবা গ্রহণে বিলম্বিত বা হয়রানীর শিকার না হয়, সেই জন্য এইসব নারীদের তথ্য সেবা শাখার মাধ্যমে সেবা প্রদান করা হয়ে থাকে। এ বিষয়ে সভার সকলে বিস্তারিত আলোচনা করেন এবং নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ

(ক) পৌরসভার অফিসে আগত নারীদের চাহিত সেবা সমূহ অগ্রাধিকার ভিত্তিতে প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) পৌরসভার বিভিন্ন সেবা সমূহের পাশাপাশি বর্তমানে চলমান নতুন হোল্ডিং কর নিষ্পত্তির কাজে পৌর এলাকার অনেক মহিলা আসছেন, তাদের প্রয়োজনীয় কাগজ পত্রাদি সরবরাহের কাজে পৌরসভার একজন মহিলা কর্মচারীকে অফিস চলাকালীন সময়ে সেবা প্রদানের জন্য তথ্য সেবা কেন্দ্রে রাখার সিদ্ধান্ত গ্রহন করা হলো।

আলোচ্য সূচীঃ ০৩। সকল কাজে নারীদের অংশগ্রহণ নিশ্চিত করণ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে সভাপতি মহোদয় বলেন, আমাদের দেশে নারীদের এখন সকল কাজে সম্পৃক্ত করার প্রবনতা পূর্বে তুলানায় অনেক বেশী বৃদ্ধি পেয়েছে। নারীরা উচ্চ শিক্ষিত হয়ে এখন বিভিন্ন পদ যেমন বিভিন্ন ক্যাডার সার্ভিস, প্রকৌশলী, ডাক্তার, পৌর কর নির্ধারিক, আদায়কারী, বস্তি উন্নয়ন কর্মকর্তা বা মেডিকেল অফিসার পদে নারীরা নিয়োগ পেয়ে সাফল্যের সাথে তাদের কর্তব্য পালন করতে পারে। কমিটির সম্মানিত সদস্য জনাব মিসেস রোজী বেগম বলেন, দারিদ্র বিমোচন কল্পে অত্র পৌর এলাকায় প্রচুর দরিদ্র অবহেলিত নারী রয়েছে যাদেরকে সকল ভৌত অবকাঠামো নির্মান কাজে মহিলা শ্রমিক পদে নিয়োগ দেয়া যেতে পারে। কমিটির অপর সম্মানিত সদস্য জনাব মোঃ আবুল মুনছুর মুন্টু, কাউনিসলর, জয়পুরহাট পৌরসভা বলেন, পুরুষের পাশাপাশি নারীদের কে বিভিন্ন পদে চাকুরী গ্রহণে উৎসাহ প্রদান ও বিভিন্ন ধরনের পেশা গ্রহণের মাধ্যমে উপার্জনের সুযোগ গ্রহণে মহিলাদের কে সহায়তা প্রদান করার ক্ষেত্রে এই কমিটি বিশেষ ভূমিকা রাখতে পারে বলে তিনি অভিমত ব্যক্ত করেন। বিষয়টির উপর সভার সকলে বিস্তারিত আলোচনা করেন এবং নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত** ঃ সমাজের সকল ক্ষেত্রে নারীদের অংশগ্রহণ নিশ্চিত করণের লক্ষ্যে মহিলা কাউন্সিলগণের নেতৃত্বে নারীদের মধ্যে গণজাগরণের জন্য ব্যাপক প্রচারনা, মহল্লায় মহল্লায় উঠান বৈঠক আয়োজন ও সর্বস্তরের নারী দের নারী উন্নয়ন মেলা আয়োজনের সিদ্ধান্ত সর্বসম্মতি ক্রমে গৃহীত হয়।

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলের মঙ্গল কামনা করে এবং ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(শাম্মীম আজিজ)
সভাপতি
নারী উন্নয়ন বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত-২)
জয়পুরহাট পৌরসভা।

স্মারকনং-জঃপৌঃসঃ/স্বাস্থ্য/২০২০-২০২১/৫২৮৭ তারিখঃ ১৪/০৯/২০২০ খ্রিঃ

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ**

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।

২। জনাব/জনাবা.............................................................সদস্য, নারী উন্নয়ন বিষয়ক কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত/সাধারণ আসন, জয়পুরহাট পৌরসভা।

৩। অফিস নথি

(শাম্মীম আজিজ)
সভাপতি
নারী উন্নয়ন বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত-২)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

### নারী উন্নয়ন বিষয়ক কমিটি সভায় উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

সভাপতি ঃ জনাবা শাম্মীম আজিজ, কাউন্সিলর (সংরক্ষিত-২), জয়পুরহাট পৌরসভা।

সভার স্থান ঃ পৌর মিলনায়তন।

তারিখ ঃ ১৪/০৯/২০২০ ইং।

রোজ ঃ সোমবার।

সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র<br>জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০২ | মোছাঃ রোজী বেগম | কাউন্সিলর (সংরক্ষিত-১),<br>জয়পুরহাট পৌরসভা | সদস্য | [স্বাক্ষর] |
| ০৩ | মোছাঃ ফেন্সী আরা | কাউন্সিলর (সংরক্ষিত-৩),<br>জঃপৌঃসঃ | সদস্য | |
| ০৪ | মোঃ আবুল মুনছুর মুন্টু | কাউন্সিলর (সাধারন),<br>ওয়ার্ড নং-৩, জয়পুরহাট<br>পৌরসভা | সদস্য | [স্বাক্ষর] |
| ০৫ | মোছাঃ শাম্মীম আজিজ | কাউন্সিলর (সংরক্ষিত-২),<br>জঃপৌঃসঃ | সভাপতি | [স্বাক্ষর] |